# Times Today BD

সংগীত কুমার | ক্যাম্পাস | 13 May, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল (আইকিউএসসি) এর আয়োজনে 'প্রিপারেশন ফর অ্যাক্রিডিটেশন: স্ট্যান্ডার্ড এন্ড ক্রাইটেরিয়া ফর অ্যাকাডেমিক প্রোগ্রাম' বিষয়ক ওর্য়াকশপের দ্বিতীয় দিন অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (১২ মে) শুরু হওয়া ধারাবাহিক এই ওর্য়াকশপে বাংলাদেশ অ্যাক্রিডিটেশন কাউন্সিলের প্রস্তুতকৃত অ্যাসেসমেন্ট শিট উপস্থাপন করা হয়।

ওর্য়াকশপে ভার্চুয়ালি প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ।তিনি বলেন, ''শিক্ষায় গুণগত মান তখনই নিশ্চিত হয়, যখন শিক্ষকরা দক্ষতার সঙ্গে জ্ঞান বিতরণ করেন এবং শিক্ষার্থীরা সেই জ্ঞান নিজেদের মধ্যে আত্মস্থ করে তা থেকে নতুন জ্ঞান সৃষ্টি করতে পারে।এটাই জীবনব্যাপী শিক্ষার প্রকৃত রূপ।'

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. এম এয়াকুব আলী এবং ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম।

দ্বিতীয় দিনের ওর্য়াকশপে রিসোর্স পারসন হিসেবে আলোচনা করেন আইকিউএসসি পরিচালক প্রফেসর ড. নাজিম উদ্দিন।সভাপতিত্ব করেন আইকিউএসসির অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. এসকে মো: আব্দুর রউফ।

উল্লেখ্য, ১২ মে শুরু হওয়া এই ওর্য়াকশপ চলবে আগামী ২০ মে পর্যন্ত।

ইসলামী বিশ্ববিদ্যালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 13:34

URL: https://www.timestodaybd.com/public/campus/737462413